

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা।

বিষয়	: কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/ ২০২৪)এর সভার কার্যবিবরণী।
সভাপতি	: ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি,পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা।
সভার স্থান	: কেডিএ সম্মেলন কক্ষ।
তারিখ	: ০৬ ফেব্রুয়ারি, ২০২৪।
সময়	: বেলা ১১:০০ ঘটিকা।
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-'ক'।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর কেডিএ'র ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/ ২০২৪)এর কার্যক্রম সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করে সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী কেডিএ'র ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর ৩য় কোয়ার্টারে বর্ণিত কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।	বিগত ০৫.১১.২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের সভার আলোচ্যসূচীর ক্রমিক নং ১,২,৫,৬,৭,৮,১০,১১ ও ১২ সিদ্ধান্ত মোতাবেক ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রার বিপরীতে ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।	বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দ।
২.	অংশীজনের (stakeholders) সাথে সভা।	শুদ্ধাচার কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ অংশীজনের সভায় সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আবশ্যিকভাবে আলোচনার কথা উল্লেখ আছে। কিন্তু বিগত ২টি কোয়ার্টারে শুধুমাত্র সিটিজেন চার্টারের বিষয়ে অংশীজনের সভা করা হয়েছে। বর্তমান ৩য় কোয়ার্টারে ও আগামী ৪র্থ কোয়ার্টারে যথাক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার আইন সম্পর্কে সভা অনুষ্ঠান করতে হবে মর্মে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। সিদ্ধান্তঃ স্টেক হোল্ডারগণের সাথে সভা আয়োজনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখাসমূহ আবশ্যিকভাবে ৩য় কোয়ার্টারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও ৪র্থ কোয়ার্টারে তথ্য অধিকার আইন সম্পর্কে সভা অনুষ্ঠান করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। প্রমাণকঃ রেকর্ড নোটস, কার্যবিবরণী, সভার হাজিরা এবং ছবি।	সিনিয়র বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার
৩.	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুজ অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি	কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রায় ৩য় কোয়ার্টারে ৩১-০৩-২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সে অনুযায়ী লক্ষ্যমাত্রায় উল্লেখিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয় সভাপতি নির্দেশ প্রদান করেন। সিদ্ধান্তঃ ৩য় কোয়ার্টারে ৩১-০৩-২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণের কার্যক্রম সম্পন্ন করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রমাণকঃ সংশ্লিষ্ট কমিটির সভার কার্যবিবরণী।	সচিব
৪.	DAP অনুযায়ী ভূমি ব্যবহারের	DAP অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ জ্ঞাতকরণের জন্য ২০২৩-২৪ অর্থ	পরিকল্পনা অফিসার

ক্রমিক	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
	ধরণ জ্ঞাতকরণ:	<p>বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৩য় কোয়ার্টারে কেডিএ'র অধিক্ষেত্র এলাকার সকল উপজেলায় DAP ম্যাপ স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সকল উপজেলায় DAP ম্যাপ স্থাপন সম্পন্ন করার বিষয় সভায় আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্তঃ লক্ষ্যমাত্রা অনুসারে কেডিএ'র অধিক্ষেত্র এলাকার সকল উপজেলায় DAP ম্যাপ স্থাপন কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।</p> <p>প্রমাণকঃ DAP ম্যাপ স্থাপনের আদেশ এবং এ সংক্রান্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র।</p>	
৫.			

সর্বোপরি সভাপতি ২০২৩-২৪ অর্থ বছরের সফটওয়্যারের মাধ্যমে অগ্রগতি প্রতিবেদন দাখিলের উল্লেখ করে যথাসময়ে কার্যক্রম সম্পন্ন করার জোর তাগিদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ত্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম

চেয়ারম্যান

কেডিএ, খুলনা

ও সভাপতি

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।